

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৫৯০.২০১৫- ২৫০৪

তারিখ : ২৪/২/১৫

বিষয় : রীট পিটিশন নং-১২৫৮৮/২০১৫, বাদী জনাব মোঃ কাইয়ুম, পিতা-মোঃ বজরুক আলী হাওলাদার, সবুজবাগ, থানা-নলছিটি, জেলা-ঝালকাঠি, বর্তমানে-নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক (প্রকৌশল বিভাগ), নলছিটি পৌরসভা, নলছিটি, ঝালকাঠি এবং জনাব মোঃ ফরিদ হাওলাদার, পিতা-মৃত লেহাজ (ক্যাপ্টেন), গ্রাম-নন্দীকাঠি, জেলা-ঝালকাঠি, বর্তমানে-রোড রোলার চালক, (প্রকৌশল বিভাগ), নলছিটি পৌরসভা, নলছিটি, ঝালকাঠি-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

ঝালকাঠি জেলার নলছিটি পৌরসভার প্রকৌশল বিভাগে কর্মরত জনাব মোঃ কাইয়ুম, নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক ও জনাব মোঃ ফরিদ হাওলাদার, রোড রোলার চালক দ্বয়কে চুক্তিভিত্তিক পদ থেকে নিয়মিত করার কোন সুযোগ নেই মর্মে এ বিভাগের পৌর-২ শাখার পত্রকে চ্যালেঞ্জ করে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২৫৮৮/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishaniraja@gmail.com

১। জেলা প্রশাসক
ঝালকাঠি।

২। মেয়র
ঝালকাঠি পৌরসভা
ঝালকাঠি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ২। সহকারী সচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।